গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
প্রশাসন-০১ অধিশাখা
শেরে বাংলা নগর, ঢাকা।
www.imed.gov.bd

নং-২১.০০.০০০০.০০৩.০৫.০২১.১৯.৬৪৭

তারিখঃ ০৫ কার্তিক ১৪২৬ / ২১ অক্টোবর ২০১৯

বিষয়: বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৯-২০ অর্থবছরের ৫.১ অনুচ্ছেদ অনুযায়ী "উত্তম চর্চার তালিকা" প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের ২০১৯-২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ৫.১ অনুচ্ছেদ অনুযায়ী এ বিভাগ কর্তৃক সম্প্রতি গৃহীত উত্তম চর্চার (Best Practices) তালিকাটি নির্দেশক্রমে এতদ্সঙ্গে প্রেরণ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে ০৭ পাতা।

(মীর আব্দুল আউয়াল আল মেহেদী)
উপসচিব
ফোন: ৯১১৮২৭১

সচিব (সমন্বয় ও সংস্কার)
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃআঃ-উপসচিব, শুদ্ধাচার শাখা)।

অনুলিপি:

০১। জনাব মোঃ মাহবুবুর রহমান, পরিচালক (উপসচিব), পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮ (মূল্যায়ন), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ কর্তৃক সম্প্রতি গৃহীত উত্তম চর্চা (Best Practices) বিষয়ক উদ্যোগসমূহ:

১। **প্রকল্প গ্রহণ, বাস্তবায়ন এবং টেকসইকরণ বিষয়ে NEC সভায় সুপারিশ প্রদান:** বিগত ১৯.০৩.২০১৯ তারিখে জাতীয় অর্থনৈতিক পরিষদ (National Economic Council-NEC) সভায় প্রকল্প বাস্তবায়নে গতিশীলতা আনয়ন ও সম্ভাব্য চ্যালেঞ্জ উত্তরণের লক্ষ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সচিব প্রকল্প প্রণয়ন,অনুমোদন,ব্যবস্থাপনা, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের নিমিত্ত কয়েকটি প্রস্তাব উত্থাপন করেন। মাননীয় প্রধানমন্ত্রী এবং জাতীয় অর্থনৈতিক পরিষদের চেয়ারপারসন এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় আইএমইডি'র সচিব কর্তৃক উত্থাপিত প্রস্তাবসমূহ গৃহিত হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ অনুমোদিত হয়।

১.১। বাস্তবায়নাধীন প্রকল্প সুষ্ঠুভাবে পরিবীক্ষণের সুবিধার্থে আইএমইডি'র সক্ষমতা বৃদ্ধির উদ্দেশ্যে একটি টেকনিক্যাল ইউনিট স্থাপনসহ প্রয়োজনীয় জনবল নিয়োগ ও যানবাহন সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করতে হবে ;



প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঢাকায় শেরেবাংলা নগরে এনইসি সম্মেলনকক্ষে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) এর সভায় সভাপতিত্ব করেন (মঙ্গলবার, ১৯ মার্চ ২০১৯)।-পিআইডি

১.২। বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভায় সংশ্লিষ্ট বিভাগে চলমান প্রকল্পের অগ্রগতি পর্যালোচনার বিষয়টি অন্তর্ভূক্ত করতে হবে এবং বিভাগীয় পর্যায়ে অনুষ্ঠেয় উন্নয়ন কমিটির সভায় আইএমইডি'র প্রতিনিধি প্রেরণ করতে হবে ;

১.৩। বিভাগীয় পর্যায়ে আইএমইডি'র অফিস স্থাপনসহ জনবলের পদ সৃজনের উদ্যোগ গ্রহণ করতে হবে;

১.৪। স্থাপত্য অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১.৫। উন্নয়ন প্রকল্পের আওতায় নির্মিত স্থাপনা/ প্রতিষ্ঠান পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলের পদ সৃজনের প্রস্তাব পাওয়ার পর জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সাথে আলোচনা করে পদ সৃজনের বিষয়টি দ্রুত সুরাহা করবে;

১.৬। উন্নয়ন প্রকল্পের আওতায় নির্মিত স্থাপনা/ প্রতিষ্ঠান পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় লোকবল নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এজন্য প্রয়োজনীয় বরাদ্দের সংস্থান রাখতে হবে;

১.৭। জেলা/ উপজেলাভিত্তিক মাষ্টার প্ল্যান তৈরী করে তার ভিত্তিতে প্রকল্প গ্রহণ করতে হবে। উন্নয়ন প্রকল্পের জন্য জমি অধিগ্রহণের ক্ষেত্রে ফসলি জমি ও জলাধার/পুকুর অধিগ্রহণ করা যাবে না;

১.৮। প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত তথ্যাদি Project management Information system (PMIS)-এ নিয়মিতভাবে আইএমইডিতে প্রেরণ করতে হবে;

১.৬। উন্নয়ন প্রকল্পের আওতায় নির্মিত স্থাপনা/ প্রতিষ্ঠান পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় লোকবল নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এজন্য প্রয়োজনীয় বরাদ্দের সংস্থান রাখতে হবে;

১.৭। জেলা/ উপজেলাভিত্তিক মাষ্টার প্ল্যান তৈরী করে তার ভিত্তিতে প্রকল্প গ্রহণ করতে হবে। উন্নয়ন প্রকল্পের জন্য জমি অধিগ্রহণের ক্ষেত্রে ফসলি জমি ও জলাধার/পুকুর অধিগ্রহণ করা যাবে না;

১.৮। প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত তথ্যাদি Project management Information system (PMIS)-এ নিয়মিতভাবে আইএমইডিতে প্রেরণ করতে হবে;

২। **মহাপরিচালকদের অংশগ্রহণে সাপ্তাহিক সমন্বয় সভা :** বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সকল কর্মকর্তাদের নিয়ে প্রতিমাসে একবার সমন্বয় সভা হয়ে থাকে । কিন্তু আইএমইডি'র কাজের ধরন বৈচিত্রময় এবং তাৎক্ষনিক চাহিদা ভিত্তিক হওয়ায় সচিব মহোদয়ের উদ্যোগে প্রতিসপ্তাহের শুরুর দিন অর্থাৎ রবিবার সকাল ১০ টায় শুধুমাত্র সেক্টর প্রধান (মহাপরিচালক) এবং উইং প্রধানগণের অংশগ্রহণে সাপ্তাহিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয় । বিগত সপ্তাহে সম্পাদিত কার্যক্রমের পর্যালোচনা, চলতি সপ্তাহের কার্য সম্পাদনের কর্ম পরিকল্পনা, সেবা সহজিকরণের নতুন কোন উদ্ভাবনী উদ্যোগ, কার্যক্রম বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট চ্যালেঞ্জ উত্তরণের কর্মপন্থা ইত্যাদি বিষয়ে বিস্তৃত আলোচনা এবং দিকনির্দেশনা প্রাপ্তি এ সমন্বয় সভার অন্যতম লক্ষ্য । সাপ্তাহিক সমন্বয় সভা হওয়ার ফলে প্রতিটি ডেস্কের পেন্ডিং কাজ অনেক কমে এসেছে, সময়ভিত্তিক কর্মপরিকল্পনা অনুযায়ী কাজ সম্পাদনে গতিশীলতা বেড়েছে । সর্বোপরি প্রতিনিয়ত নতুন নতুন আইডিয়া সৃজনের মাধ্যমে কাজের গুনগত উৎকর্ষতা বৃদ্ধি পেয়েছে ।



৩। **বিভাগ পর্যায়ে প্রকল্প সংশ্লিষ্টদের নিয়ে প্রকল্প বাস্তবায়ন বিষয়ক পর্যালোচনা সভা:** মাঠ পর্যায়ে প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত নানা ধরনের চ্যালেঞ্জ, সম্ভাবনা এবং স্টেক হোল্ডারদের সম্পৃক্ততা বিষয়ে আলোচনার জন্য বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের উদ্যোগে প্রতিটি প্রশাসনিক বিভাগ পর্যায়ে প্রকল্প সংশ্লিষ্টদের নিয়ে প্রকল্প বাস্তবায়ন বিষয়ক পর্যালোচনা সভা আয়োজনের উদ্যোগ নেয়া হয়েছে । পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী এসকল সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রকল্প বাস্তবায়ন বিষয়ে গুরুত্বপূর্ণ পরামর্শ এবং নির্দেশনা প্রদান করেন। ইতোমধ্যে তিনটি বিভাগে এধরনের সভা অনুষ্ঠিত হয়েছে । এধরনের সভা অনুষ্ঠানের মধ্য দিয়ে মাঠ পর্যায়ে প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্ট স্টেক হোল্ডারগণ আরও চাঙ্গা হয়েছেন, প্রকল্প বাস্তবায়ন বিষয়ক নানা ধরনের চ্যালেঞ্জ ও জটিলতাসমূহ নীতিনির্ধারকগণের সাথে শেয়ার করতে সমর্থ হয়েছেন, প্রয়োজনীয় দিকনির্দেশনা পেয়েছেন এবং সে



অনুযায়ী নিজেদের কর্মতৎপরতা বৃদ্ধি করে প্রকল্প বাস্তবায়নে গতিশীলতা আনয়নে সক্ষম হয়েছেন । মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের উপস্থিতিতে প্রথম বারের মতো প্রকল্প বাস্তবায়ন বিষয়ে মাঠ পর্যায়ে এধরনের সভা অনুষ্ঠিত হওয়ায় প্রকল্প বাস্তবায়ন ও পরিবীক্ষণ কার্যক্রমে এক নতুন মাত্রা সংযোজিত হয়েছে ।

৪। **গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়ের ADP পর্যালোচনা সভায় আইএমইডি সচিব এর অংশগ্রহণ:** প্রতিটি মন্ত্রণালয়/বিভাগে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (Annual Development Program-ADP) ভুক্ত প্রকল্পসমূহের বাস্তবায়ন কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করা হয় । সাধারনত বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সংশ্লিষ্ট সেক্টরের সহকারি পরিচালক/উপপরিচালক/পরিচালক/মহাপরিচালকগণ এসকল সভায় উপস্থিত থেকে আইএমইডি'র প্রতিনিধি হিসেবে মতামত প্রদান করে থাকেন । মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক ADP ভুক্ত প্রকল্প বাস্তবায়ন পর্যালোচনা সভা যথাসময়ে সঠিকভাবে প্রকল্প বাস্তবায়নের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ হিসেবে বিবেচিত হয় । এধরনের সভায় প্রকল্প বাস্তবায়ন বিষয়ে আইএমইডি'র পর্যবেক্ষণ এবং মতামতকে আরও গুরুত্ব দিয়ে তুলে ধরার লক্ষ্যে গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়ের ADP পর্যালোচনা সভায় আইএমইডি সচিব উপস্থিত থেকে তাঁর মতামত উপস্থাপনের উদ্যোগ গ্রহণ করেন । ইতোমধ্যে নৌপরিবহন মন্ত্রণালয়সহ কয়েকটি গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়ের সভায় আইএমইডি'র সচিব উপস্থিত থেকে প্রকল্প বাস্তবায়ন বিষয়ে আইএমইডি'র পরামর্শ/মতামত উপস্থাপনের ফলে প্রকল্প বাস্তবায়নে অধিকতর গতিশীলতা আনয়ন সম্ভব হয়েছে । পাশাপাশি আইএমইডি'র মনিটরিং সফটওয়্যার PIMS এ ঐসকল মন্ত্রণালয়ের সক্রিয় অংশগ্রহণের হার বৃদ্ধি পেয়েছে ।

৫। **প্রকল্প অনুমোদনের তিন (০৩) মাসের মধ্যে কার্যক্রম শুরু না হলে সংশ্লিষ্ট সচিবকে পত্র প্রদান:** প্রকল্প অনুমোদন হওয়ার পর আদেশ জারির পর থেকে তিন (০৩) মাসের মধ্যে প্রকল্প বাস্তবায়ন বিষয়ে কোনো কার্যকর উদ্যোগ গ্রহণ করা হলে আইএমইডি'র সংশ্লিষ্ট সেক্টরের ডেস্ক অফিসার কর্তৃক প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগের সচিব বরাবর পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে । উল্লেখ্য যে, অনুমোদিত অনেক প্রকল্পের ক্ষেত্রেই অনুমোদন আদেশ প্রাপ্তির পর বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয় না । ফলে দীর্ঘদিন প্রকল্পের কার্যক্রম নিশ্চল অবস্থায় থাকে । প্রকল্প অনুমোদন হওয়ার পর প্রকল্প পরিচালক নিয়োগ, ডিপিপি'র সংস্থান অনুযায়ী বাজেট বরাদ্দের চাহিদা প্রেরণ, প্রয়োজনীয় ক্ষেত্রে জমি অধিগ্রহণসহ নানা ধরনের কার্যক্রম গ্রহণ জরুরি হয়ে পড়ে । কিন্তু বাস্তবায়নকারী সংস্থা প্রকল্প অনুমোদন পর্যায়ে ব্যাপক তৎপরতা প্রদর্শন করলেও বাস্তবায়ন পর্যায়ে বিশেষ করে প্রকল্প বাস্তবায়নের শুরুর দিকে কর্মতৎপরতায় অনেক শৈথিল্য প্রদর্শন করে । ফলে প্রকল্প বাস্তবায়ন বিলম্বিত হয়, সময় ও ব্যয় বৃদ্ধি আবশ্যক হয়ে পড়ে । এ অবস্থা থেকে উত্তরণের লক্ষ্যে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা এবং মন্ত্রণালয়কে এ বিষয়ে সতর্ক দৃষ্টি রাখার জন্য প্রকল্প অনুমোদনের তিন (০৩) মাসের মধ্যে কার্যক্রম শুরু না হলে সংশ্লিষ্ট সচিবকে আইএমইডি কর্তৃক পত্র প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে । এ প্রক্রিয়ায় প্রকল্পসমূহের Time over run এবং Cost Over run কিছুটা নিয়ন্ত্রণে আনয়ন সম্ভব হবে ।

৬। **আইএমইডি সচিব এবং মহাপরিচালকগণ কর্তৃক নিয়মিত Fast Track প্রকল্প পরিদর্শন:** সরকার বার্ষিক উন্নয় কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের মধ্যে খরচের পরিধি এবং অর্থনীতির জন্য প্রয়োজনীয়তার নিরিখে বিশেষ কিছু প্রকল্পকে Fast Track ভুক্ত প্রকল্প হিসেবে তালিকাভুক্ত করেছে । এসকল প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি কর্মপরিকল্পনা অনুযায়ী গুনগতমান রক্ষা করে সম্পাদিত হচ্ছে কিনা সে বিষয়ে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ ব্যাপক তৎপর রয়েছে । সাধারনত উন্নয়ন প্রকল্প পরিবীক্ষণ কার্যক্রম আইএমইডি'র পরিচালক/উপপরিচালক/সহকারি পরিচালক/মূল্যায়ন কর্মকর্তাগণ সম্পন্ন করে থাকেন । কিন্তু Fast Track প্রকল্পসমূহ দেশের অর্থনীতির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ হওয়ায় এসকল প্রকল্প প্রতি তিন (০৩) মাস পর পর আইএমইডি'র সচিব এবং সংশ্লিষ্ট সেক্টরের মহাপরিচালকগণ কর্তৃক নিয়মিত পরিদর্শনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে । এর ফলে এধরনের প্রকল্প বাস্তবায়নে নিবিড় পরিবীক্ষণ নিশ্চিত হবে এবং গুনগতমান অক্ষুন্ন রেখে যথাসময়ে প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম তরান্বিত হবে ।

৭। **প্রকল্প পরিবীক্ষণ ও প্রান্তিক মূল্যায়নের ক্ষেত্রে চারটি (০৪) ডকুমেন্ট অধিকতর গুরুত্ব দিয়ে পর্যবেক্ষণের নির্দেশনা প্রদান:** প্রকল্প পরিবীক্ষণকালে প্রকল্প দলিল (ডিপিপি/টিপিপি)-এ অনুমোদিত ক্রয় পরিকল্পনা ও এডিপি বরাদ্দের বিপরীতে প্রণীত বছরভিত্তিক ক্রয় পরিকল্পনা এবং পিপিআর অনুযায়ী প্রকল্পের ক্রয় কার্যক্রম পরিচালিত হচ্ছে কিনা তা পর্যবেক্ষণ করে প্রতিবেদনে মতামত প্রদান করতে হবে। একই সাথে সমাপ্ত প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন কালে প্রকল্প সমাপ্তির পর উক্ত প্রকল্পের আওতায় সংগৃহিত যানবাহন এবং যন্ত্রপাতিসমূহের বর্তমান অবস্থা ও ব্যবহার সম্পর্কে প্রতিবেদনে সুনির্দিষ্ট তথ্য সংযোজন করতে হবে মর্মে নির্দেশনা জারি করা হয়েছে। এ উদ্যোগটির ফলে প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন প্রতিবেদনের গুনগত উৎকর্ষতা বৃদ্ধি পাবে । সর্বোপরি প্রকল্প বাস্তবায়নে স্বচ্ছতা ও জবাবদিহিতার ক্ষেত্র প্রসারিত হবে।



৮। **মিলনমেলা, উৎসব উদযাপন এবং প্রশংসাপত্র প্রদানের মাধ্যমে কর্মীদের উৎসাহ প্রদান:** বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের উদ্যোগে পারিবারিক মিলনমেলা, বাৎষরিক বনভোজন এবং বাংলা বর্ষবরণ উৎযাপনসহ গুরুত্বপূর্ণ দিবস উপলক্ষ্যে অনুষ্ঠান আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এসকল অনুষ্ঠানের মাধ্যমে পারস্পরিক মিথস্ক্রিয়া সম্প্রসারিত হয় এবং টিম ওয়ার্কের মাধ্যমে কার্যসম্পাদনের উদ্দীপনা তৈরী হয়। এছাড়াও দাপ্তরিক কাজে আন্তরিকতা, নিষ্ঠা এবং উদ্ভাবনী ধ্যান-ধারনা বিষয়ক নির্ণায়কের ভিত্তিতে সকল পর্যায়ের কর্মচারীদের মধ্য হতে নির্বাচিতদেরকে প্রশংসাপত্র প্রদানের মাধ্যমে উৎসাহ প্রদান করা হয়ে থাকে। এ সকল কার্যক্রমের ফলে কর্মীদের মধ্যে ভাল কাজের সুস্থ প্রতিযোগিতার মনোভাব গড়ে ওঠে এবং কাজের গুনগত উৎকর্ষতা বৃদ্ধি পায়।







৯। **সভার সিদ্ধান্ত হওয়ার সাথে সাথে কার্যবিবরণীর জন্য অপেক্ষায় না থেকে বাস্তবায়ন শুরু করা:** বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের বর্তমান সচিব স্যার দ্রুততার সাথে সরকারি কার্যসম্পাদনের লক্ষ্যে সকল কর্মকর্তা-কর্মচারীকে এ মর্মে মৌখিক নির্দেশনা প্রদান করেছেন যে অত্র বিভাগের যেকোন সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রক্রিয়া সভা অনুষ্ঠিত হওয়ার পরপরই শুরু করতে হবে। এ ক্ষেত্রে কার্যবিবরণী স্বাক্ষর হয়ে কর্মকর্তার নিকট পৌছানো পর্যন্ত অপেক্ষা করার প্রয়োজন নেই। এ Practice টি চালু হওয়ার ফলে আইএমইডি'র সকল কর্মকর্তা ও ডেস্ক পর্যায়ে দ্রুততম সময়ে কর্ম সম্পাদন সম্ভব হচ্ছে।

১০। **আইএমইডিতে কর্মরত শারীরিকভাবে অসামর্থ্য কর্মীকে সচিব মহোদয় কর্তৃক স্কুটি প্রদান: বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সচিব** জনাব আবুল মনসুর মোঃ ফয়েজউল্লাহ, এনডিসি মহোদয় এ বিভাগের শারীরিকভাবে অসামর্থ্য কর্মী জনাব আব্দুর রব রাসেলকে অফিসে যাতায়াতের জন্য একটি স্কুটি প্রদান করেন। এই মহতী উদ্যোগের মাধ্যমে স্কুটি উপহার পাওয়ায় রাসেল অত্যন্ত খুশি এবং চাবি হস্তান্তরের দিন আবেগে সচিব স্যারকে জড়িয়ে ধরে কেঁদে ফেলে। Best Practice এই দৃষ্টান্তটি শুধুমাত্র রাসেল এর কর্মস্পৃহাকেই সমৃদ্ধ করেনি বরং আইএমইডি'র সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীদেরকেও দারুনভাবে উদ্দীপনা যুগিয়েছে।



১১। **আইএমইডি'র লাইব্রেরীকে আকর্ষণীয়রূপে সজ্জিতকরণ এবং "বঙ্গবন্ধু বুক কর্ণার" স্থাপন:** বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের একটি সমৃদ্ধ লাইব্রেরী রয়েছে। পরিকল্পনা, প্রকল্প ব্যবস্থাপনা, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিষয়ক নানা ধরণের পুস্তক, জার্নাল ছাড়াও উন্নয়ন, অর্থনীতি, সমাজ বিজ্ঞান, ইতিহাসসহ বহু বিষয়ের পুস্তক এবং সাময়িকী সমৃদ্ধ এ লাইব্রেরীতে সম্প্রতি "বঙ্গবন্ধু বুক কর্ণার" স্থাপিত হয়েছে। আইএমইডি'র সচিব





স্যারের উদ্যোগে স্থাপিত "বঙ্গবন্ধু বুক কর্ণার" এ বঙ্গবন্ধুর ওপর রচিত নানা ধরনের বই ও জার্নাল সংরক্ষিত রয়েছে। এ কর্ণারে বঙ্গবন্ধু রচিত "কারাগারের রোজনামচা" এবং "অসমাপ্ত আত্মজীবনী" গ্রন্থ দু'টিও রয়েছে।

১২। **আইএমইডি'র করিডোরকে দৃষ্টিনন্দনরূপে সজ্জিতকরণ:** বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের মূল ভবন ১১ এবং ১২ এর সংযোগকৃত করিডোরটি ইতোপূর্বে যথেষ্ঠ পরিকল্পিতভাবে সজ্জিত ছিল না। অফিস





ক্যাম্পাসকে নান্দনিক করার লক্ষ্যে বর্তমানে এ করিডোরটিকে দৃষ্টিনন্দনরূপে সুসজ্জিত করা হয়েছে। কর্মকর্তা- কর্মচারীগণ অফিসের দায়িত্ব পালনকালে ক্লান্তি অনুভব করলে রিফ্রেশমেন্ট হিসেবে করিডোরটিকে ব্যবহারের সুযোগ পাবে। বিশেষ করে শীতকালে এখানে মিষ্টি রোদের তাপ অনুভব করার সুযোগ থাকবে।



১৩.১০.২০১৯

মো: মাহবুবুর রহমান
পরিচালক (উপসচিব)
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২১.১০.১৯

মোহাম্মদ আবদুল মাননান
অতিরিক্ত সচিব
আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার